# প্রথম প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ পাঠ্যক্রম

৩ – ৮ আগষ্ট ১৯৯১, ১৮ – ২৩ শ্রাবণ ১৩৯৮

**পাঠ্যক্রম পরিচালক**

মোশাররাফ হোসাইন ভূইঞা
উপ-পরিচালক (প্রশাসন)

**সমন্বয়ক**

মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন
সহকারী পরিচালক (প্রটোকল ও গণসংযোগ)

ডাঃ কল্পনা তালাত আহ্‌মেদ
মেডিক্যাল অফিসার

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা

# সূচীপত্র


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | প্রাথমিক চিকিৎসা (সংক্ষিপ্ত পরিচিতি) | ১ |
| ২. | বিপিএটিসিতে প্রথম প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ পাঠ্যক্রম | ২ |
| ৩. | বিপিএটিসির সংক্ষিপ্ত পরিচিতি | ২ |
| ৪. | রেডক্রিসেন্ট সোসাইটি : সংক্ষিপ্ত পরিচিতি | ৩ |
| ৫. | পাঠ্যক্রমের সুনির্দিষ্ট লক্ষ্য | ৩ |
| ৬. | প্রশিক্ষণ পদ্ধতি | ৩ |
| ৭. | পাঠ্য বিষয় | ৪ |
| ৮. | পরীক্ষা ও মূল্যায়ন | ৪ |
| ৯. | উপসংহার | ৪ |
| ১০. | দৈনন্দিন প্রশিক্ষণ সূচী | ৫ |
| ১১. | বক্তা তালিকা | ৫ |
| ১২. | সংযোজনী 'ক' (মনোনীত অংশগ্রহণকারীদের নামের তালিকা) | ৬ |
| ১৩. | সংযোজনী-'খ' (প্রয়োজনীয় টেলিফোন নম্বর) | ৮ |

১। প্রাথমিক চিকিৎসা (সংক্ষিপ্ত পরিচিতি)

১.১ প্রাথমিক চিকিৎসা হচ্ছে বিজ্ঞানসম্মত সেই শিক্ষা, যা আয়ত্তে থাকলে আকস্মিক কোন দুর্ঘটনায় বা রোগে শিক্ষিত প্রাক্চারক (Trained First Aider) এমনভাবে কাজ করতে পারে যাতে,

(ক) নিজের বা রোগীর জীবন রক্ষা পায়,

(খ) নিজে বা রোগী আরোগ্যের পথে আসে এবং

(গ) অবহেলায় বা অচিকিৎসার আঘাত গুরুতর না হয়।

১.২ প্রাথমিক চিকিৎসা কখনই মেডিক্যাল সাহায্য বোঝায় না। মেডিক্যাল সাহায্য বলতে দুর্ঘটনার ক্ষেত্রে বা রোগীর নিজের বাড়ীতে বা হাসপাতালে ডাক্তারের প্রত্যক্ষ সাহায্য বোঝায়। মেডিক্যাল সাহায্য আসবার আগে পর্যন্ত এবং মেডিক্যাল সাহায্য এলে নিজের সাধ্যমত এবং ডাক্তারের নির্দেশমতো রোগীর সহায়তা করাই প্রাথমিক চিকিৎসা। রোগীকে হাসপাতালে নিয়ে যাওয়া প্রাথমিক চিকিৎসার কর্তব্যের অঙ্গ। তাই প্রাথমিক চিকিৎসককে –

ক) রোগীর রোগ নির্ণয় করতে হবে,

খ) রোগীর সম্যক প্রাথমিক চিকিৎসা দিতে হবে,

গ) রোগীকে স্থানান্তরিত করতে হবে।

১.৩ যান্ত্রিকতার ব্যবহারে জীবনের নিত্যনৈমিত্তিক কাজকর্মে ছোট বড় দুর্ঘটনা সংঘটিত হতে দেখা যায় – যা জীবনকে করে তোলে দুর্বিসহ। এসব দুর্ঘটনার ক্ষতিকর প্রভাব থেকে কিভাবে সহজে মুক্তি পাওয়া যায়, তা নিয়ে চিন্তা ভাবনা করতে গিয়ে প্রাথমিক চিকিৎসা " শাস্ত্রের উদ্ভব ঘটেছে।

১.৪ অধুনা এই প্রাথমিক চিকিৎসা শাস্ত্র একটি বিজ্ঞানসম্মত ও সুনির্দিষ্ট নীতিমালা দ্বারা পরিচালিত পদ্ধতি হিসাবে স্বীকৃত। এটা প্রতীয়মান হয়েছে যে, আঘাত বা দুর্ঘটনার পর পরই কিছু মৌলিক ব্যবস্থা বা পরিচর্যা গ্রহণ করতে পারলে বহু মূল্যবান জীবন রক্ষা করা সম্ভবপর হয় অথবা দুর্ঘটনার পরবর্তী দুর্ভোগ বহুল অংশে লাঘব করা যায়।

১.৫ এই পরিচর্যা ও চিকিৎসা বর্তমানে গৃহে সংঘটিত ছোটখাট দুর্ঘটনায় অমূল্য অবদান রাখতে সক্ষম হয়েছে ও গৃহের সীমানা ছাড়িয়ে রাস্তাঘাট, অফিস, কল–কারখানার দুর্ঘটনায়ও সুদূর প্রসারিত প্রভাব রাখতে সক্ষম হয়েছে।

১.৬ প্রাথমিক চিকিৎসা বলতে আঘাতের বা দুর্ঘটনার পর তাৎক্ষণিক বা ঘটনাস্থলে রোগীদের পরিচর্যা কৌশল ও নীতিমালাকে বুঝান হয়। এটা কোন অবস্থাতেই সামগ্রিক চিকিৎসাকে বুঝায় না।

২। বিপিএটিসিতে প্রথম প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ পাঠ্যক্রম

বর্তমান প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ পাঠ্যক্রমটি কেন্দ্রে পরিচালিত এ ধরনের প্রথম পাঠ্যক্রম। পাঠ্যক্রমটি কেন্দ্রের কর্মকর্তা কর্মচারীদের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি এবং দুর্যোগ, দুর্ঘটনার সময়ে অসহায়ভাবে বসে না থেকে নিজেরাই যাতে জীবন রক্ষার প্রাথমিক করণীয় শুরু করতে পারে, আর্তমানবতার সেবা করতে পারে এবং বিপদের মুহূর্তে নিজেদেরকে রক্ষা করতে পারে সেই লক্ষ্যে প্রণীত। ৩ – ৮ আগষ্ট' ৯১ পর্যন্ত সময়ে মোট ৬টি কার্য দিবসে কোর্সটি অনুষ্ঠিত হবে। বিপিএটিসির ৩২ জন কর্মকর্তা ও কর্মচারী এই প্রশিক্ষণে অংশ নেবেন।

পাঠ্যক্রমটি বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এবং বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হচ্ছে।

পাঠ্যক্রমটি সফল হলে চিকিৎসকের অনুপস্থিতিতে ও দুর্ঘটনা এবং দুর্বিপাকে পতিত রোগীদের জীবন রক্ষার জন্য অতি প্রয়োজনীয় প্রাথমিক চিকিৎসা এই পাঠ্যক্রমে প্রশিক্ষিত কর্মীরাই সম্পন্ন করতে সক্ষম হবেন বলে আশা করা যায়।

৩। বিপিএটিসি (সংক্ষিপ্ত পরিচিতি)

বাংলাদেশে লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র উন্নয়ন প্রশাসন ও উন্নয়ন ব্যবস্থাপনা বিষয়ে বাংলাদেশে সর্ববৃহৎ প্রশিক্ষণ প্রতিষ্ঠান। এই কেন্দ্রে বাংলাদেশ সিভিল সার্ভিসের ৩০টি ক্যাডারের সদস্য, স্বায়ত্তশাসিত এবং অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।

কেন্দ্রটি রাজধানী ঢাকা মহানগরীর প্রায় ২৫ কিলোমিটার উত্তর পশ্চিমে ঢাকা–আরিচা মহা–সড়কের পাশে সাভারে অবস্থিত।

১৯৭১ সালের স্বাধীনতার পর বাংলাদেশের প্রবীণ ও অভিজ্ঞ কর্মকর্তাগণ উপলব্ধি করেন যে, স্বাধীন দেশের উপযোগী লোক-প্রশাসন পরিমন্ডল গড়ে তোলার জন্য প্রয়োজন লোক-প্রশাসন ও উন্নয়ন ব্যবস্থাপনায় প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা। স্বাধীন বাংলাদেশের প্রশাসনিক প্রশিক্ষণ চাহিদা পূরণের সেই আকাঙ্খারই বাস্তব রূপ আজকের 'বাংলাদেশ লোক–প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র'।

১৯৮৪ সালের এপ্রিল মাসে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাংলাদেশ লোক–প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) অধ্যাদেশ (নং XXVI, ১৯৮৪) বলে সাবেক Bangladesh Administrative Staff College, National Institute of Public Administration, Civil Officers Training Academy, Staff Training Instiute বিলুপ্ত ঘোষণা করে সমন্বিত আকারে 'বাংলাদেশ লোক–প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র' প্রতিষ্ঠিত হয়।

৪। রেড ক্রিসেন্ট সোসাইটি (সংক্ষিপ্ত পরিচিতি)

| | |
|---|---|
| নামঃ | আন্তর্জাতিক রেডক্রস সমিতি (বাংলাদেশে সংস্থাটি বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি নামে পরিচিত) |
| জন্মঃ | ১৮৬৩ সালে জেনেভায়। |
| প্রতিষ্ঠাতা ঃ | হেনরি ডুনান্ট ও জেনেভার অন্য চারজন নাগরিক–গুইলুম হেনরি দুফোর, গুস্তাভ ময়নিয়ের, ডঃ লুই আপিয়া এবং ডঃ থিয়োডর ময়নয়র। |
| আনুকূল্যঃ | বস্তুত পৃথিবীর সমস্ত দেশ। |
| পেশাঃ | যুদ্ধের প্রত্যক্ষ পরিণতি এবং সংঘর্ষে ক্ষতিগ্রস্থ অসামরিক ও সামরিক জনগণকে রক্ষা করাও সাহায্য করা। |
| কর্মক্ষেত্রঃ | পৃথিবীর সর্বত্র (সংঘর্ষ, অভ্যন্তরীণ গোলযোগ ও উত্তেজনার সময়) |
| কার্যঃ | জেনেভা চুক্তির প্রসারে নিয়োজিত বলে, এর কাজ সশস্ত্র সংঘর্ষের সময় মানুষের জীবন ও মর্যাদার সম্মান রক্ষাকে উৎসাহিত করা, মানবিক আইনের উন্নতি সাধন ও ব্যাখ্যা করা এবং রেডক্রসের নীতিগুলিকে তুলে ধরা। |
| উল্লেখযোগ্য বৈশিষ্ট্যঃ | এর প্রত্যেক সদস্য সুইজারল্যান্ডের নাগরিক। সারা পৃথিবীজুড়ে স্বীকৃত হয়েছে যে, একটি নিরপেক্ষ ও স্বাধীন সংস্থা হিসেবে যে কোন মানবিক কাজের উদ্যোগ নেবার অধিকার এর আছে। |

৫। পাঠ্যক্রমের সুনির্দিষ্ট লক্ষ্য

(ক) বিপিএটিসি'র কর্মকর্তা–কর্মচারীদের মধ্যে প্রাথমিক চিকিৎসা সম্পর্কে সুস্পষ্ট ধারণা গড়ে তোলা;

(খ) বিপিএটিসিতে প্রয়োজনীয় সংখ্যক প্রাথমিক চিকিৎসা কর্মী গড়ে তোলা–যাতে বিপর্যয়কালীন সময়ে তারা বিপিএটিসি'র অধিবাসী এবং আর্তমানবতার সেবায় নিজেদেরকে নিয়োগ করতে পারে।

৬। প্রশিক্ষণ পদ্ধতিঃ এই পাঠ্যক্রমে শ্রেণীকক্ষ বক্তৃতা এবং প্রয়োগিক শিক্ষাদান পদ্ধতি অনুসৃত হবে।

৭। পাঠ্য বিষয়

পাঠ্যক্রমটিতে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভূক্ত থাকবে–

ক) রেড–ক্রিসেন্ট আন্দোলনের ইতিহাস
খ) প্রাথমিক চিকিৎসার সাধারণ নিয়মাবলী
গ) কৃত্রিম শ্বাস–প্রশ্বাস
ঘ) রক্তক্ষরণ
ঙ) শক
চ) জ্ঞান হারানো
ছ) পুড়ে যাওয়া ও বিষক্রিয়া
জ) সাপে কাটা, পোকার কামড়ানো
ঝ) ক্ষতের শুশ্রূষা
ঞ) হাড় ভাঙ্গা
ট) ব্যাণ্ডেজ
ঠ) রোগী পরিবহন।

৮। পরীক্ষা ও মূল্যায়ন

পাঠ্যক্রমের শেষ পর্যায়ে অংশগ্রহণকারীদেরকে পরীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা হবে এবং নির্দিষ্ট মান অর্জনকারীদেরকে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির সনদ প্রদান করা হবে।

৯। উপসংহার ঃ

উল্লিখিত অনুচ্ছেদগুলির বর্ণনার বাইরেও পাঠ্যক্রমটি সম্পর্কে জিজ্ঞাসার উত্তর প্রদানে পাঠ্যক্রম কর্তৃপক্ষ সচেষ্ট থাকবেন।

১০। দৈনন্দিন প্রশিক্ষণ সূচী

| তারিখ ও দিন | প্রথম অধিবেশন (৯ঃ৩০–১০ঃ৩০) | দ্বিতীয় অধিবেশন (১০ঃ৪০–১১ঃ৪০) | ১১ঃ৪০ ১২ঃ০০ | তৃতীয় অধিবেশন (১২ঃ০০–১ঃ০০) |
|---|---|---|---|---|
| ৩/৮/৯১ শনিবার | রেজিষ্ট্রেশন ও ব্রিফিং | রেড ক্রিসেন্ট আন্দোলনের ইতিহাস | চা | প্রাথমিক চিকিৎসার সাধারণ নিয়মাবলী |
| ৪/৮/৯১ রবিবার | কৃত্রিম শ্বাস–প্রশ্বাস | কৃত্রিম শ্বাস–প্রশ্বাস | বি | রক্তক্ষরণ |
| ৫/৮/৯১ সোমবার | রক্তক্ষরণ | শক | র | জ্ঞান হারানো |
| ৬/৮/৯১ মঙ্গলবার | পুড়ে যাওয়া; বিষক্রিয়া | সাপে কাটা, পোকায় কামড়ান | তি | ক্ষতের শুশ্রূষা |
| ৭/৮/৯১ বুধবার | হাড়ভাঙ্গা | ব্যান্ডেজ | | ব্যান্ডেজ |
| ৮/৮/৯১ বৃহস্পতিবার | ব্যান্ডেজ | রোগী পরিবহন | | কোর্স মূল্যায়ন |

১১। বক্তা তালিকা ঃ

(১) সৈয়দ শাহ্ আব্দুল আজিজ
ভারপ্রাপ্ত কর্মকর্তা (প্রশিক্ষণ বিভাগ)

(২) মোঃ রফিকুল ইসলাম
উদ্বুদ্ধকরণ ও প্রশাসনিক কর্মকর্তা

(৩) শিকদার মোকাদ্দেস আহাম্মদ
ইউনিট অফিসার

সংযোজনী-ক

## মনোনীত অংশগ্রহণকারীদের নামের তালিকা

| সং | নাম | পদবী | কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ মুনির হোসেন | সহকারী পরিচালক | বিপিএটিসি, সাভার, ঢাকা |
| ২। | জনাব গৌর সুন্দর বণিক | মূল্যায়ন কর্মকর্তা | " |
| ৩। | জনাব শফিকুল হক | গবেষণা কর্মকর্তা | " |
| ৪। | জনাব এ, এস, এম, জোবায়ের এনামুল করিম | গবেষণা কর্মকর্তা | " |
| ৫। | জনাব নাসির উদ্দিন আহমেদ চৌধুরী | সহকারী পরিচালক | " |
| ৬। | জনাব শাহ আলম গাজী | সহকারী পরিচালক | " |
| ৭। | জনাব ইমামুল হক | প্রকাশনা কর্মকর্তা | " |
| ৮। | জনাব মোঃ মোকাব্বেল হোসেন | টেকনিক্যাল সুপারভাইজার | " |
| ৯। | জনাব মোঃ আলতাফ হোসেন | ষ্টেনো-টাইপিষ্ট | " |
| ১০। | জনাব মোঃ আব্দুল মজিদ | ষ্টেনো-টাইপিষ্ট | " |
| ১১। | জনাব মোঃ ইউনুস | উচ্চমান সহকারী | " |
| ১২। | জনাব মোঃ আব্দুল কাদির | উচ্চমান সহকারী | " |
| ১৩। | জনাব শওকত হোসেন | নিম্নমান সহকারী | " |
| ১৪। | জনাব মোঃ বেলাল আহমেদ | নিম্নমান সহকারী | " |
| ১৫। | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | নিম্নমান সহকারী | " |
| ১৬। | জনাব সিরাজ মিয়া পাটোয়ারী | নিম্নমান সহকারী | " |
| ১৭। | জনাব মোঃ সিদ্দিকুর রহমান | নিম্নমান সহকারী | " |
| ১৮। | বেগম রাশেদা খানম | নিম্নমান সহকারী | " |
| ১৯। | জনাব মোঃ হেলাল উদ্দিন | মুদ্রাক্ষরিক | " |
| ২০। | জনাব মোঃ ইলিয়াছ উদ্দিন | মুদ্রাক্ষরিক | " |

| | | | |
|---|---|---|---|
| ২১। | জনাব এ, এস, এম, মোমশাদ রেজা | মুদ্রাক্ষরিক | ” |
| ২২। | জনাব মোঃ মোস্তারেশ | আর্টিষ্ট | ” |
| ২৩। | জনাব মোঃ শামসুদ্দিন | এমএলএসএস | ” |
| ২৪। | জনাব আব্দুল মান্নান পাটোয়ারী | এমএলএসএস | ” |
| ২৫। | জনাব আবুল বাশার তালুকদার | এমএলএসএস | ” |
| ২৬। | জনাব মোঃ আব্দুল বাসেত | এমএলএসএস | ” |
| ২৭। | মোসাঃ নর্তবান মিনা | এমএলএসএস | ” |
| ২৮। | জনাব মোঃ ওবায়দুল হক | এমএলএসএস | ” |
| ২৯। | জনাব মোঃ আলিমুল ইসলাম চৌধুরী | এমএলএসএস | ” |
| ৩০। | জনাব মোঃ কোরবান আলী | এমএলএসএস | ” |
| ৩১। | জনাব মোঃ শহীদুল ইসলাম | এমএলএসএস | ” |
| ৩২। | জনাব মোঃ আনোয়ার হোসেন | এমএলএসএস | ” |

# প্রয়োজনীয় টেলিফোন

| | | টেলিফোন | |
|---|---|---|---|
| ক্রমিক নং | নাম ও পদবী | অফিস | বাসা |
| ১। | মোবারক হোসাইন ভূঁইঞা<br>উপ-পরিচালক (প্রশাসন)<br>ও<br>পাঠ্যক্রম পরিচালক | ৮৩১৭১১-১৮/১৪৫ | /২৪৯ |
| ২। | মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন<br>সহকারী পরিচালক (প্রটোকল ও গণসংযোগ)<br>ও<br>পাঠ্যক্রম সমন্বয়ক | ৮৩১৭১১-১৯/১৬২ | /২২৩ |
| ৩। | ডাঃ কল্পনা তালাত আহমদ<br>মেডিক্যাল অফিসার<br>ও<br>পাঠ্যক্রম সমন্বয়ক | ৮৩১৭১১-১৯/১৯৪ | ৬০৮৮৫৫<br>(ঢাকা) |
| ৪। | পিএবিএক্স, বিপিএটিসি<br>সাভার, ঢাকা | ৮৩১৭১১-১৯ | |
| ৫। | পাঠ্যক্রম সচিবালয় | ৮৩১৭১১-১৯/ ২৯৬ | |
| ৬। | অভ্যর্থনা | ৮৩১৭১১-১৯/১৯৯ | |
| ৭। | বিপিএটিসি ক্লিনিক | ৮৩১৭১১-১৯/১৯৪ | |
| ৮। | বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি<br>জাতীয় সদর দপ্তর,<br>৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা | | |
| | (ক) পিএবিএক্স | ৪০০১৮৮-৯ | |
| | (খ) নিয়ন্ত্রণ কক্ষ | ৪০৮৮৯৭ | |